গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

ইনোভেশন টিমের ২০১৭ সালের ১০তম সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ২১ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

সময়ঃ সকাল ১১ :০০ ঘটিকা

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ কাজল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব
ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ২৪/০৯/২০১৭ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ মামলার ডাটাবেজ প্রস্তুত সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিনিয়র প্রোগ্রামার জানান যে, মামলার ডাটাবেজ প্রস্তুত করে আইন শাখার কাছে হস্তান্তর করা হয়েছে। আইন শাখার কর্মকর্তাকে user id এবং password দেওয়া হয়েছে। সহকারী সচিব (আইন শাখা) সভাকে জানান চলমান মামলাগুলো ডাটাবেজে এন্ট্রি করা হয়েছে। আইন শাখায় মামলার ডাটাবেজ ব্যবহার কালে ইন্টারনেটের মন্থর গতির বিষয়টি সভাকে অবহিত করেন।	এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা/আইসিটি সেলের কর্মকর্তাগণ বলেন, ইন্টারনেটের গতি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করবে।	সিনিয়র প্রোগ্রামার আইসিটি সেল এবং সহকারী সচিব আইন শাখা

৪.০ Project Planning System (PPS) সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
PPS Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সংস্থাকে সেক্টর/বিভাগ থেকে সবাইকে চিঠি দিয়ে উক্ত সফট্ওয়্যার ব্যবহারের বিষয়ে দ্রুত অবহিত করতে বলা হয়েছে। যুগ্মসচিব (প্রশাসন) ও IDE প্রকল্পের পরিচালক সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার সর্বমোট ১০টি উন্নয়ন প্রকল্প PPS software ব্যবহার করে এন্ট্রি করা হয়েছে।	PPS software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সংস্থাকে চিঠি দিয়ে অবহিত করবে।	প্রকল্প পরিচালক IDE প্রকল্প এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.০ Innovative idea সম্পর্কিত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(ক) সভায় DPP/RDPP চেকলিস্টটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত DDP/RDPP চেকলিষ্টটি সকল সেক্টরে যায়নি। সভাপতি বলেন, চেকলিস্টটি সকল সেক্টরে প্রেরণ করতে হবে এবং সকল সেক্টরের মতামত নিয়ে অনুমোদন গ্রহণের ব্যবস্থা করতে হবে। আলোচনার সময় তিনি বলেন যে, এই চেকলিষ্টটির বিষয়ে একটি কমিটির কাজ চলমান। কমিটির প্রতিবেদন না পাওয়া পর্যন্ত অপেক্ষা করা যায়।	(ক) পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত DPP/RDPP চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশনে প্রেরণ করে মতামত সংগ্রহ করতে হবে অথবা বর্ণিত কমিটির প্রতিবেদন পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ।
(খ) পরিকল্পনা বিভাগ/কমিশনের প্রতিটি ভবনে কর্মরত কর্মকর্তাদের নাম ও ঠিকানা সম্বলিত বোর্ড স্থাপনের বিষয়ে গঠিত কমিটি গত ২০/১১/২০১৭ তারিখে গণপূর্তকে নিয়ে একটি মিটিং এর ব্যবস্থা করে এবং কোথায়, কিভাবে কর্মকর্তাদের অবস্থান সম্বলিত বোর্ড টানানো যায় তার অগ্রগতির বিষয়ে আলোচনা হয়েছে।	(খ) পরিকল্পনা কমিশনের বিভিন্ন ভবনে কর্মরত কর্মকর্তাদের নাম ও ঠিকানা সম্বলিত বোর্ড স্থাপনের বিষয়ে বিস্তারিত পর্যবেক্ষণের নিমিত্তে গঠিত কমিটি কাজটি দ্রুত বাস্তবায়ন করবে। সভাপতি পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য গণপূর্তকে চিঠি দেওয়ার কথা বলেন।	খ) যুগ্মপ্রধান, বন, মৎস্য ও প্রাণী সম্পদ উইং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, উপসচিব (প্রটোকল/সধারণ অধিশাখা-১) পরিকল্পনা বিভাগ ও উপ-বিভাগীয় প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২ শেরেবাংলা নগর, ঢাকা।
(গ) ERP সংক্রান্ত আলোচনা বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে বলেন, PPS এ আমরা যেটা ব্যবহার করতে পারছি না ERP সংক্রান্ত কর্তৃপক্ষ সেটা ঠিক করে দিবে অর্থাৎ মডিউল করে দিবে। তারা যে ৫টি মডিউল করে দিবে আমাদের সাথে না মিললে আমরা সেটা গ্রহণ নাও করতে পারি। তাছাড়া Tender হলে বাস্তবায়নের কাজ শুরু হবে। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিষ্ট বলেন, ERP এ ৫টি মডিউল আছে (1. Admin & HR, 2. Procurement, Asset Management, 3. Inventory, Budgeting, Accounts and Audit, 4. Project Planning Approval and Monitoring Management. 5. Meeting and Even Management) এদের মধ্যে ৪ নং মডিউলের একটি অংশ Project Planning and Approval ইতিমধ্যে IDE প্রকল্প কর্তৃক তৈরি করা আছে এবং বাকি ৪টি মডিউল বাংলাদেশ ই-গভর্ণমেন্ট ইআরপি প্রকল্প কর্তৃক তৈরি করা হলে পরিকল্পনা বিভাগ তা ব্যবহার করতে পারবে।	(গ) ERP সংক্রান্ত সফট্ওয়্যার এর কাজ চলমান রয়েছে এবং কাজ সম্পন্ন হওয়ার পর এটি ব্যবহার উপযোগী হবে।	গ) যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬.০ বিসিএস (ইকনোমিক) ক্যাডার কর্মকর্তাদের পিডিএস সংক্রান্ত আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
পরিকল্পনা বিভাগের সিনিয়র সিস্টেম এনালিষ্ট সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিসিএস ক্যাডার কর্মকর্তাদের পিডিএস এর জন্য ২টি সফট্ওয়্যার রয়েছে যার একটি বিসিএস (প্রশাসন) ক্যাডারের জন্য PMIS এবং অন্যটি বিসিএস অন্যান্য ক্যাডারের জন্য (ALL Cadre PMIS) এবং এটার সাথে এখনো ACR যুক্ত হয়নি তবে PMIS এর সাথে লিংক আছে। এছাড়া তিনি আরো জানান বিসিএস (ইকনমিক) ক্যাডারের PMIS স্ব স্ব কর্মকর্তা কর্তৃক আপডেট করতে হবে। উল্লেখ্য কয়েক জন কর্মকর্তার ইনফরমেশন আপডেট নাই। যারা লিয়েন, প্রেষণ বা উচ্চ শিক্ষায় নিয়োজিত আছেন তাদের ইনফরমেশন আপডেট করার জন্য অনুরোধ করেন।	বিসিএস (ইকনোমিক) ক্যাডারের কর্মকর্তাদের PMIS স্ব স্ব কর্মকর্তা কর্তৃক আপডেট করতে হবে এবং আপডেট করতে কোন সমস্যার সৃষ্টি হলে আইসিটি সেল প্রয়োজনীয় সহযোগিতা করবে।	বিসিএস (ইকনোমিক) সকল কর্মকর্তা এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।

৭.০ বিসিএস (ইকনোমিক) কর্মকর্তাদের এ'সিআর সংক্রান্ত সফট্ওয়্যার প্রস্তুত বিষয়ক আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
উপসচিব প্রশাসন অধিশাখা-৪ বলেন, বিসিএস (ইকনমিক) ক্যাডার কর্মকর্তাদের ACR সংক্রান্ত কাজ চলছে।	বিসিএস (ইকনমিক) ক্যাডার কর্মকর্তাদের যাদের ACR নাই সে সকল কর্মকর্তাদেরকে চিঠির মাধ্যমে অবহিত করতে হবে।	উপ-সচিব, প্রশাসন অধিশাখা-৪ পরিকল্পনা বিভাগ

৮.০ অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
০৩/১২/২০১৭খ্রিঃ
(কাজল ইসলাম এনার্ডসি)
অতিরিক্ত সচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.১৭- ৫১০

তারিখঃ ১৯ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
২. জনাব মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. জনাব মোঃ ইফতেখার উদ্দীন খান, যুগ্মসচিব (বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. জনাব নুরুল কবির সিদ্দিকী, যুগ্মসচিব (পিটি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান (এনইসি একনেক ও সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. জনাব রেজাউল আজম ফারুকী, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. জনাব মোঃ ছায়েদুজ্জামান, যুগ্মপ্রধান (চলতি দায়িত্ব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮. জনাব ফরিদ আজিজ, মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপ-সচিব (সাধারণ অধিশাখা-১/২, প্রশাসন অধিশাখা-১/৩/৪, প্রটোকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. জনাব প্রদীপ কুমার মহোত্তম, উপ-প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১. জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(সভার কার্যবিবরণী **Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. জনাব মুহাঃ এনামুল হক, উপপ্রধান (চলতি দায়িত্ব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. জনাব দেওয়ান আশরাফুল আলম, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. সহকারী সচিব, আইন শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিষ্ট, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা।
১৯. জনাব মোঃ মেফতাউর রহমান, সচিব (চলতি দায়িত্ব), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২০. অতিরিক্ত সচিব-১ এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩/১২/২০১৭

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com